এইচ.পি.ভি. প্রতিষেধক

(হিউম্যান প্যাপিলোমাভাইরাস)

আপনার যা জানা দরকার

১ এইচ.পি.ভি. কী?

যুক্তরাষ্ট্রে সর্বাধিক যৌনবাহিত ভাইরাস হচ্ছে ***জেনিটাল হিউম্যান প্যাপিলোমাভাইরাস (এইচ.পি.ভি)***।

প্রায় ৪০ ধরনের এইচ.পি.ভি. আছে। যুক্তরাষ্ট্রে ২০ মিলিয়নের মত লোক এর দ্বারা আক্রান্ত, এবং আরো ৬.২ মিলিয়ন মানুষ প্রতিবছর আক্রান্ত হয়। এইচ.পি.ভি. যৌন সংসর্গের মাধ্যমে ছড়ায়।

বেশির ভাগ এইচ.পি.ভি. সংক্রমণে কোন উপসর্গ দেখা যায় না, এবং আপনিতেই চলে যায়। কিন্তু এইচ.পি.ভি. গুরুত্বপূর্ণ মূলত এই জন্য যে, এটা স্ত্রীলোকের ***গর্ভাশয়ে ক্যান্সারের*** কারণ হতে পারে। যুক্তরাষ্ট্রে প্রতিবছর ১০,০০০-এর মত স্ত্রীলোকের গর্ভাশয় ক্যান্সার হয় এবং ৩,৭০০ জন মৃত্যুবরণ করে। ক্যান্সার থেকে স্ত্রীলোকের মৃত্যুর কারণ হিসাবে পুরো পৃথিবীতে এটি দ্বিতীয় বৃহত্তম কারণ।

উভয় স্ত্রী এবং পুরুষের ক্ষেত্রে, অন্যান্য অল্প-পরিচিত অনেক ধরণের ক্যান্সারের সাথে এইচ.পি.ভি.-এর সম্পৃক্ততা রয়েছে। এর কারণে যৌনাঙ্গে এবং শ্বাস-যন্ত্রের উপরিভাগে জড়ুল উঠতে পারে।

যৌন-সক্রিয় পুরুষ এবং স্ত্রীলোকের ৫০%-এর বেশি জীবনের কোন না কোন সময়ে এইচ.পি.ভি. দ্বারা সংক্রমিত হয়।

এইচ.পি.ভি. সংক্রমণের কোন চিকিৎসা নেই, কিন্তু এর কারণে যে অবস্থার সৃস্টি হয়, তার চিকিৎসা আছে।

২ এইচ.পি.ভি. ভ্যাকসিন - কেন নেয়া দরকার?

এইচ.পি.ভি. ভ্যাকসিন হচ্ছে এক ধরনের 'ইনঅ্যাক্টিভেটেড' (জীবন্ত নয়) ভ্যাকসিন, যা চারটি প্রধান ধরনের এইচ.পি.ভি. থেকে সুরক্ষা দেয়।

এর মধ্যে ২ ধরনের আছে যেটি ৭০% গর্ভাশয় ক্যান্সারের কারণ এবং অপর ২ ধরনের আছে যেটি ৯০% যৌনাঙ্গোর-জড়ুলের কারণ। *এইচ.পি.ভি. ভ্যাকসিন প্রায় সকল ধরণের যৌনাঙ্গোর-জড়ুলের এবং গর্ভাশয় ক্যান্সারের হাত থেকে সুরক্ষা করতে পারে।*

এইচ.পি.ভি. ভ্যাকসিন-এর কারণে সুরক্ষা দীর্ঘমেয়াদি বলে আশা করা যায়। ভ্যাকসিন-নেয়া স্ত্রীলোকদেরকে তথাপিও সারভাইক্যাল ক্যান্সারের জন্য যাচাই (স্ক্রিনিং) করতে হবে, কারণ ভ্যাকসিনটি সকল ধরনের এইচ.পি.ভি. থেকে সুরক্ষা দেয় না।

৩ এইচ.পি.ভি. ভ্যাকসিন কাদের এবং কখন নিতে হবে?

নিয়মিত প্রতিষেধক গ্রহণ

- ১১-১২ *বছর বয়েসী* কিশোরীদের জন্য এইচ.পি.ভি. প্রতিষেধক নিয়মিত সুপারিশ করা হয়। ডাক্তাররা ৯ বছরের মত কম বয়েসী মেয়েদেরকেও এটা দিতে পারেন।

  এই বয়সে তরুণীদেরকে কেন এইচ.পি.ভি. প্রতিষেধক দেয়া হয়?

  প্রথম যৌন সংস্পর্শের *আগেই* তরুণীদের জন্য এইচ.পি.ভি. প্রতিষেধক নেয়াটা গুরুত্বপূর্ণ - কারণ তারা এখনও এইচ.পি.ভি.-তে উম্মুক্ত হয় নাই। এই তরুণীদের ক্ষেত্রে, প্রতিষেধকটির উদ্দীষ্ট ৪ ধরনের এইচ.পি.ভি. থেকে প্রায় ১০০% সুরক্ষা করতে পারে।

  যাইহোক, কোন তরুণী বা স্ত্রীলোক যদি ইতোমধ্যে কোন ধরনের এইচ.পি.ভি.-তে সংক্রমিত হয়ে থাকে, সেক্ষেত্রে প্রতিষেধক তাকে সে ধরনের রোগ থেকে রক্ষা করতে পারবে না।

ঘাটতিপূরণ প্রতিষেধক

- ***১৩-২৬ বছর বয়েসি*** যে-সমস্ত তরুণী বা স্ত্রীলোক কম বয়সে যারা এ প্রতিষেধক গ্রহণ করেনি, তাদের জন্যও এ প্রতিষেধক সুপারিশ করা হচ্ছে।

এইচ.পি.ভি. প্রতিষেধক ধারাবাহিক তিনটি ডোজ-এ দেয়া হয়ঃ

প্রথম ডোজ ঃ এখনই
২য় ডোজ ঃ ১ম ডোজের ২ মাস পর
৩য় ডোজ ঃ ১ম ডোজের ৬ মাস পর

অতিরিক্ত (বুস্টার) ডোজ সুপারিশ করা হয় না।

এইচ.পি.ভি. প্রতিষেধক, অন্যান্য প্রতিষেধকের সাথে, একই সময়ে দেয়া যেতে পারে।

৪ যে তরুণী বা স্ত্রীলোক এইচ.পি.ভি. প্রতিষেধক গ্রহণ থেকে বিরত থাকবে বা যাদেরকে অপেক্ষা করতে হবে

- ***'ঈস্ট' বা এইচ.পি.ভি. প্রতিষেধকের যে কোন উপাদান*** থেকে বা *পূর্ববর্তী কোন* ***এইচ.পি.ভি. ভ্যাকসিন*** ডোজের কারণে যার কোন মৃত্যুঝুঁকিসম্পন্ন অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়েছে, তার প্রতিষেধক নেয়া উচিত নয়। প্রতিষেধক নিতে আসা কোন ব্যক্তির কোন মারাত্মক অ্যালার্জি থাকলে তা ডাক্তারকে জানিয়ে দিন।

- ***গর্ভবতী স্ত্রীলোক*** প্রতিষেধক নেয়া থেকে বিরত থাকবেন। প্রতিষেধকটি, মা এবং গর্ভের সন্তানের জন্য নিরাপদ বলে মনে হয়, কিন্তু বিষয়টি নিয়ে এখনো গবেষণা চলছে। গর্ভবতী অবস্থায় প্রতিষেধক নেয়া গর্ভপাতের কারণ মনে করার কোন কারণ *নেই*। যারা সন্তানকে বুকের দুধ পান করায় সে সব স্ত্রীলোকও নিরাপদভাবে এই প্রতিষেধক নিতে পারেন।

> কোন স্ত্রীলোক যদি বুঝতে পারেন যে এইচ.পি.ভি. গ্রহণকালে তিনি গর্ভবতী ছিলেন, তাকে
>
> ***'এইচ.পি.ভি. ভ্যাকসিন ইন প্রেগন্যান্সী'***
>
> রেজিস্ট্রিতে 800-986-8999 নম্বরে ফোন করতে উৎসাহিত করা হচ্ছে।
>
> গর্ভবতী স্ত্রীলোকের ক্ষেত্রে কীভাবে প্রতিষেধকটি কাজ করে তা বুঝতে, এই রেজিস্ট্রি থেকে প্রাপ্ত তথ্য আমাদেরকে সাহায্য করবে।

- প্রতিষেধক নেয়ার সময় যে সকল লোক অল্প অসুস্থ, তারা *এইচ.পি.ভি. ভ্যাকসিন* গ্রহণ করতে পারে। যারা *মাঝারি বা খুব বেশি অসুস্থ* ,তারা সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করবে।

৫ এইচ.পি.ভি. প্রতিষেধকে কী কী ঝুঁকি থাকে?

এইচ.পি.ভি. ভ্যাকসিন কোন মারাত্মক পার্শ্ব প্রতিক্রিয়া করে না বলে মনে হয়।

তবে অন্য যেকোন ওষুধের মতো গুরুতর সমস্যার সৃষ্টি করতেও পারে, যেমন মারাত্মক অ্যালার্জিক প্রতিক্রিয়া। মারাত্মক ক্ষতি, বা মৃত্যু ঘটানোর মত ঝুঁকি ***যেকোন*** প্রতিষেধকের ক্ষেত্রেই অত্যন্ত কম।

এইচ.পি.ভি. প্রতিষেধক থেকে বেশ কিছু হাল্কা *সমস্যা* হতে পারে:

- ইনজেকশনের জায়গাটিতে ব্যথা (প্রতি ১০ জনে প্রায় ৮ জন)
- ইনজেকশনের জায়গাটিতে লালচেভাব বা ফুলে উঠা (প্রতি ৪ জনে প্রায় ১ জন)
- মৃদু জ্বর (১০০ ডিগ্রী ফাঃ) (প্রতি ১০ জনে প্রায় ১ জন)
- ইনজেকশনের জায়গাটিতে চুলকানি (প্রতি ৩০ জনে প্রায় ১ জন)
- মাঝারি জ্বর (১০২ ডিগ্রী ফাঃ) (প্রতি ৬৫ জনে প্রায় ১ জন)

এই উপসর্গগুলি বেশি দিন থাকে না এবং আপনিতেই চলে যায়।

প্রতিষেধক থেকে জীবন-নাশকারী অ্যালার্জিক প্রতিক্রিয়া খুবই কদাচিৎ হয়। এটা হলে, প্রতিষেধক নেয়ার কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যেই ঘটবে।

সব প্রতিষেধকের মতোই, এইচ.পি.ভি. ভ্যাকসিনকে অস্বাভাবিক বা মারাত্মক সমস্যার জন্য সব সময়ই নিরীক্ষণ করা হবে।

৬ মারাত্মক প্রতিক্রিয়া হলে কী হবে?

আমি কী করবো?

- যে কোন ধরনের অস্বাভাবিক অবস্থা যেমন, তীব্র জ্বর অথবা আচরণগত পরিবর্তন। গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়ার মধ্যে থাকতে পারে শ্বাস-কষ্ট, ফ্যাসফ্যাসে স্বর, হাঁচি, চামড়ায় ফুসকুড়ি উঠা, ফ্যাকাসে ভাব, হার্ট-বিট দ্রুত হওয়া, অথবা ঝিমানি ভাব।

আমি কী করবো?

- ডাক্তার *ডাকুন*, অথবা ব্যাক্তিকে সাথে সাথে ডাক্তারের কাছে নিয়ে যান।
- কী হয়েছে, কোন্ তারিখে এবং সময়ে এটা ঘটেছে এবং কখন প্রতিষেধক নেয়া হয়েছিল তা ডাক্তারকে *বলুন*।
- আপনার ডাক্তার, নার্স অথবা হেলথ ডিপার্টমেন্টকে এই প্রতিক্রিয়াটি জানানোর জন্য 'ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম' ('ভি.এ.ই.আর.এস') ফরম পুরণ করতে ***বলুন***।

  অথবা আপনি এই প্রতিবেদনটি ভি.এ.ই.আর.এস.-এর ওয়েবসাইট www.vaers.hhs.gov এর মাধ্যমে পাঠাতে পারেন, অথবা 1-800-822-7967 নম্বরে ফোন করে জানাতে পারেন।

  'ভি.এ.ই.আর.এস.' কোন মেডিকেল পরামর্শ দেয় না।

৭ আমি কী ভাবে আরো জানতে পারি

- আপনার প্রতিষেধকপ্রদানকারীকে জিজ্ঞাসা করুন। তারা আপনাকে প্রতিষেধকের প্যাকেটে-থাকা কাগজ দেখাতে পারে বা তথ্যের অন্যান্য উৎস সম্পর্কে ধারণা দিতে পারে।
- আপনার স্থানীয় বা স্টেট হেলথ ডিপার্টমেন্টে ফোন করুন।
- 'সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সি.ডি.সি.)'-এ যোগাযোগ করুন:
  - ফোন করুন **1-800-232-4636 (1-800-CDC-INFO)**
  - সি.ডি.সি. ওয়েব সাইট **www.cdc.gov/std/hpv** এবং **www.cdc.gov/nip** দেখুন।

ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস

সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন

ন্যাশনাল সেন্টার ফর ইমুনাইজেশান অ্যান্ড রেসপিরেটরি ডিজিজেস্

ভ্যাকসিন ইনফরমেশন স্টেটমেন্ট (অন্তবর্তী)

হিউম্যান প্যাপিলোমাভাইরাস (এইচ.পি.ভি.) ভ্যাকসিন ২/২/০৭